দৈনিক বাংলা 72

তারিখ ... 31 DEC 1991 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮

# নয়া ভিসিকে শিবিরের সংবর্ধনা ঃ ছাত্র ঐক্যের ধর্মঘট আহ্বান

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ চট্টগ্রাম, ৩০ ডিসেম্বর।—চট্টগ্রাম ভার্সিটির নতুন ভিসি রফিকুল ইসলাম চৌধুরী ও প্রো-ভিসি বদিউল আলম সোমবার দুপুর ১টায়

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ধর্মঘট আহ্বান

(প্রথম পৃঃ পর)

ক্যাম্পাসে এলে ছাত্র শিবির কর্মীরা তাদের সংবর্ধনা জানায়। শিবির কর্মীরা মিছিলসহকারে তাদের ভিসি অফিসে নিয়ে যায়। গত পাঁচ মাস ধরে এই অফিস বন্ধ ছিল।

এদিকে ভিসি আলমগীর সিরাজুদ্দীনকে অব্যাহতিদানের প্রতিবাদে সর্বদলীয় ছাত্র ঐক্য আগামী ১ জানুয়ারী চট্টগ্রামের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রধর্মঘট আহ্বান করেছে। চাকসু ভিপি নাজিমুদ্দীনের সভাপতিত্বে সোমবার বিকালে দোস্ত বিল্ডিং চত্বরে এক সমাবেশে এ ঘোষণা দেয়া হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষক সমাজ, বাংলাদেশ ছাত্রলীগ (না-শ) প্রভৃতি সংগঠন তাদের ভাষায় বিশ্ববিদ্যালয় আইন ৭৩ লংঘন করায় নিন্দা প্রকাশ করেছে।